

💵 সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১৫৫০ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৫৫১] পর্ব-১৮: ভয়কালীন সালাত (كتاب صلاة الخوف)

আরবী

أَخْبَرنَا عَمْرُو بْنُ عَلِيّ، قال: حَدَّثَنَا عَبْدُ الْعَزِيزِ بْنُ عَبْدِ الصَّمَدِ، قال: حَدَّثَنَا مَنْصُورٌ، عَنْ مُجَاهِد، عَنْ أَبِي عَيَّاشٍ الزُّرَقِيّ، قال: كُنَّا مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ صَلَاةَ الظُّهْرِ وَعَلَى الْمُشْرِكِينَ بِعُسْفَانَ، فَصَلَّى بِنَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ صَلَاةَ الظُّهْرِ وَعَلَى الْمُشْرِكِينَ يَوْمُئِذٍ خَالِدُ بْنُ الْوَلِيد، فَقَالَ الْمُشْرِكُونَ: لَقَدْ أَصَبْنَا مِنْهُمْ غِرَّةً وَلَقَدْ أَصَبْنَا مِنْهُمْ غَفْلَةً وَسَلَّمَ صَلَاةَ الْعَوْفُ بَيْنَ الظُّهْرِ وَالْعَصْرِ، فَصَلَّى بِنَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَلُوتَةً وَسَلَّمَ وَلُوتُهُ وَاللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَلَقَدْ أَصَبُنَا مِنْهُمْ ثُمَّ مَكَى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَوْرُقَةً يَحْرُسُونَهُمْ ثُمَّ رَكَعَ فَرَكَعَ هَوُلُاءٍ وَأُولَئِكَ جَمِيعًا، ثُمَّ يَحْرُسُونَهُمْ ثُمَّ رَكَعَ فَرَكَعَ هَوُلُاءٍ وَأُولَئِكَ جَمِيعًا، ثُمَّ سَجَدَ النَّذِينَ يَلُونَهُ وَالَّذِينَ يَلُونَهُ وَاللَّهُ مَا النَّانِينَ يَلُونَهُ ثُمَّ تَأْخَولُوا اللَّاذِينَ يَلُونَهُ وَالَّذِينَ يَلُونَهُ وَالَّذِينَ يَلُونَهُ وَالْقَوْمُولَ وَقَعَمُوا النَّانِيَةَ اللَّاذِينَ يَلُونَهُ وَبَالَّذِينَ يَلُونَهُ وَالْمَولِ الْمَعْولَ اللَّاذِينَ يَلُونَهُ وَاللَّهُ مِنْ وَتَقَدَّمَ الْأَنْحُولُ اللَّهُ عَلَى اللَّهُ عَلَيْهِمْ فَكَانَتْ لِكُلِّهِمْ رَكُعْتَانِ مَعَ إِمَامِهِمْ ، وَصَلَقَى مَرَّةً بِأَرْضِ بَنِي سُلَيْمٍ .

تخريج دارالدعوه: انظر ما قبله (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 1551 _ صحيح

বাংলা

১৫৫০. 'আমর ইবনু 'আলী (রহ.) আবু আইয়াশ আয যুরাকী (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমরা (একবার) রসূলুল্লাহ (সা.) -এর সাথে 'উসফান নামক স্থানে ছিলাম, তখন রসূলুল্লাহ (সা.) আমাদের নিয়ে যুহরের সালাত আদায় করলেন, আর সেদিন মুশরিকদের নেতৃত্বে ছিল খালিদ ইবনু ওয়ালীদ। তখন মুশরিকরা বলল, আমরা তাদের সম্পর্কে অন্যমনস্কতা পেয়ে গেছি, আমরা তাদের ব্যাপারে উদাসীনতা পেয়ে গেছি। তখনই যুহর



এবং আসরের সালাতের মধ্যবর্তী সময়ে ভয়কালীন সালাতের বিধান অবতীর্ণ হলো। অতঃপর রসূলুল্লাহ (সা.) আমাদের নিয়ে আসরের সালাত আদায়কালে আমাদের দু' দলে ভাগ করে দিলেন, একদল নবী (সা.) -এর সাথে সালাত আদায় করেছিল এবং অন্য দল তাঁদের পাহারা দিচ্ছিল। তিনি যারা তার কাছে ছিল এবং যারা তাদের পাহারা দিচ্ছিল উভয় দলকে নিয়ে তাকবীর বললেন, অতঃপর রুকু করলেন। আর সকলে তার সাথে রুকু করল। অতঃপর যারা তাঁর কাছে ছিল পিছু হটে গেল। অন্যরা আগে বেড়ে গেল এবং তারা সাজদাহ্ করল, অতঃপর তিনি দাড়িয়ে গেলেন ও যারা তাঁর কাছে ছিল এবং যারা তাঁদের পাহারা দিচ্ছিল তাঁদের সবাইকে নিয়ে দ্বিতীয় রুকু করলেন। অতঃপর তিনি সাজদাহ্ করলেন তাদের নিয়ে যারা তার কাছে ছিল। অতঃপর তারা পিছু হটে গেল এবং সাথীদের কাতারের স্থানে দাঁড়িয়ে গেল, আর অন্যরা আগে বেড়ে গেল ও সাজদাহ্ করল। অতঃপর তিনি তাঁদের নিয়ে সালাম ফিরালেন। অতএব তাদের প্রত্যেকের জন্যে সালাত হলো দু' দু' রাক'আত ইমামের সাথে। আর তিনি একবার বানী সুলায়ম-এর ভূমিতেও সালাত আদায় করছিলেন।

English

It was narrated that Abu 'Ayyash Al-Zuraqi said: We were with the Messenger of Allah (鰻) in 'Usfan and the Messenger of Allah (鰻) led us in praying Zuhr. The idolaters were led that day by Khalid bin Al-Walid, and the idolaters said: 'We have caught them unawares.' Then the fear prayer was revealed between Zuhr and 'Asr. The Messenger of Allah (ﷺ) led us in praying 'Asr and divided us into two groups, a group that prayed with the Prophet (ﷺ) and a group that guarded him. He said takbir with those who were closest to him and those who were guarding them, then he bowed and both groups bowed with him. Then those who were closest to him prostrated. Then they moved back and the others moved forward and prostrated. Then he stood and led them all in bowing, those who were closest to him and those who were guarding him. Then he led those who were closest to him in prostrating, then they moved back and took the place of their companions and the others came forward and prostrated. Then he said the taslim so each group had prayed two rak'ahs with their imam. And he offered the fear prayer once in the land of Banu Sulaym.

ফুটনোট

সহীহ: আবু দাউদ ১২৩৬, মুসনাদে আহমাদ ১৬৬৩১, সহীহ আবু দাউদ ১১২১।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবু আইয়্যাশ আয যুরাকী (রাঃ)



 ${\color{red} {\it 9}} {\color{blue} Link-https://www.hadithbd.com/hadith/link/?id=90046}$

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন